বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)
উপপরিচালকের কার্যালয়, খুলনা
হোল্ডিং নং-২২/১, জি০৩, জলিল স্মরণী, বড় বয়রা, খুলনা।
www.brdb.khulna.gov.bd

স্মারক নং ৪৭.৬২.৪৭০০.০০০.৮৫৪.১৮.০৩০১.২৬. ৯৮০ তারিখ: ২৮/১০/২০২৬ খ্রি.।

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জনানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী খুলনা জেলায় যোগদানের পর প্রতিমাসের সমন্বয় সভা ও উপজেলা পর্যায়ে পরিদর্শনের সময় স্টাফ সভায় নিয়মিত কর্মস্থলে উপস্থিতি, দাপ্তরিক দায়িত্ব পালনে প্রচলিত বিধি-বিধান ও নীতিমালা অনুসরণ পূর্বক ও শৃঙ্খলা বজায় রেখে নাগরিক সনদ মোতাবেক সেবা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। এছাড়া, ২০২৬-২০২৭ অর্থ বছরের বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মাস ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও সাপ্তাহিক স্টাফ সভায় নিয়মিত অগ্রগতি পর্যালোচনা করার জন্য নির্দেশনা প্রদানসহ বিভিন্ন বিষয়ে মোবাইল ফোনে করণীয় বিষয়ে পরামর্শ করা হয়। এ প্রেক্ষাপটে, বিআরডিবি খুলনা জেলা দপ্তরের স্মারক নং ৪৭.৬২.৪৭০০.০০০.৮৫৪.২৫.০০০১.২৬.৩৩. তারিখ ০৩/১০/২০২৬ মূলে নিম্নস্বাক্ষরকারীর অক্টোবর ২০২৬ মাসের অগ্রীম প্রেরণ করা হয়। ভ্রমণসূচিতে ২৬/১০/২০২৬ ফুলতলা উপজেলা, খুলনায় পল্লী জীবিকায়ন প্রকল্প এর কার্যক্রম পরিদর্শনের জন্য নির্ধারিত ছিলো। তদালোকে, নিম্নস্বাক্ষরকারী কর্তৃক ২৬/১০/২০২৬ তারিখ রোজ সোমবার ফুলতলা উপজেলার পজীপ এর কার্যক্রম পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য মোতাবেক চিহ্নিত ত্রুটিসমূহ নিম্নরূপঃ

১। নিম্নস্বাক্ষরকারী পূর্বনির্ধারিত ভ্রমণসূচি মোতাবেক ২৬/১০/২০২৬ তারিখে ফুলতলা উপজেলা দপ্তরে উপস্থিত হলেও আপনি নির্ধারিত কর্মস্থলে উপস্থিত না হয়ে সকাল ৯.৩০ টায় দপ্তরে আগমণ করেন। জানাযায় আপনি কর্মস্থলে অবস্থান করেন না। দাপ্তরিক হাজিরা রেজিস্টার পরীক্ষায় দেখা যায় ১৭ অক্টোবর ২০২৬ তারিখ হতে ২৬ অক্টোবর ২০২৬ তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট সকলের অনিয়মিতভাবে হাজিরা খাতায় স্বাক্ষর করা হয়েছে। মাঠকর্মীদের হাজিরা খাতায় স্বাক্ষর নেই। মাঠকর্মীদের গতিবিধি সংক্রান্ত কোন রেজিস্টার পাওয়া যায়নি। সার্বিকভাবে বোঝাযায় উপজেলায় পজীপ এর কর্মকর্তা-কর্মচারীগণ যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হয়ে নিজ দায়িত্ব পালন করেনা। ফলে, দপ্তরের কার্যক্রম যথাযথ তদারকীর অভাবে ক্রমাবনতি হচ্ছে। আপনার, এহেন আচরণ সরকারি কর্মচারি (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ এর পরিপন্থী ও স্বীয় দায়িত্ব পালনে অবহেলার শামিল। যা শাস্তিযোগ্য অপরাধ।

২। ভ্রমণসূচিতে নির্দেশনা প্রদান করা সত্ত্বেও আপনি প্রকল্পের সার্বিক কার্যক্রমের এক নজরে তথ্য প্রস্তুত করেননি। ফলে, যথাযথভাবে উপজেলার সার্বিক কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা যথাযথভাবে পর্যালোচনা করা সম্ভব হয়নি। যা প্রকৃত তথ্য গোপন করে প্রকল্পের অগ্রগতির বিষয়ে সঠিক ধারণা পেতে বিঘ্নসৃষ্টি করা মর্মে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রাথমিকভাবে প্রতীয়মান হয়েছে। আপনার এহেন কার্যক্রম স্বীয় দায়িত্ব পালনে অবহেলা, উর্ধ্বতন কর্তৃপক্ষের বৈধ আদেশ লঙ্ঘন ও সরকারি দায়িত্ব পালনে বিঘ্নসৃষ্টি করার শামিল এবং শাস্তিযোগ্য অপরাধ।

৩। আপনি উর্ধ্বতন কর্তৃপক্ষের কোন প্রকার অনুমোদন ছাড়াই দপ্তরের স্থান পরিবর্তন করেছেন যা জনগণের সহজে খুঁজে পাওয়ার উপযোগী নয়, অপরিচ্ছন্ন, অগোছালো, আদ্রতাপূর্ণ, অস্বাস্থ্যকর, গুমোট পরিবেশ, অনিরাপদ এবং আলোর পর্যাপ্ত সুব্যবস্থা নেই। এতে প্রতীয়মান, হয় আপনি যথযথভাবে দপ্তরে দায়িত্ব পালন না করে কোনক্রমে আসা-যাওয়া করেন। উপযুক্ত স্থানে দপ্তরের কাজ পরিচালনার জন্য বরাদ্দ থাকা সত্ত্বেও আপনি স্বেচ্ছাচারিতার মাধ্যমে অনুপযুক্ত স্থানে দপ্তর পরিবর্তন করে দাপ্তরিক কর্মপরিবেশের মান অবনতি ঘটিয়েছেন যা শাস্তিযোগ্য অপরাধ।

৪। হিসাব বিভাগের কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় ১২/১০/২০২৬ তারিখ পর্যন্ত ক্যাশবহি লেখা হলেও জুন ২০২৬ মাসের পর আপনার কর্তৃক তা পরীক্ষা ও ব্যাংক বিবরণীর সাথে মিল করে স্বাক্ষর করা হয়নি। এছাড়া, উপজেলায় ঋণ বিতরণসহ কিছু ক্ষেত্রে কোন প্রকার চেক ইস্যু ছাড়াই শুধু এ্যাডভাইসের মাধ্যমে লেনদেন করা হয়। ফলে, যেকোন মুহূর্তে আর্থিক অনিয়মের সুযোগ সৃষ্টি হতে পারে। সদস্যদের জুন ২০২৬ ভিত্তিক জমাকৃত সঞ্চয়ের উপর কোন মুনাফা প্রদান করা হয়নি। যা স্বীয়দায়িত্ব পালনে অবহেলা, আর্থিক বিধি ভঙ্গ ও সুফলভোগীদের ন্যায্য দাবি থেকে বঞ্চিত করার শামিল ও শাস্তিযোগ্য অপরাধ।

৫। আপনাকে ইতোপূর্বে জেলার সমন্বয় সভায় ও টেলিফোনে বারবার দলে ভ্রমণ করে পাশবই, আদায়শীট, ডিটেইললিস্ট এবং দপ্তরের ঋণ খতিয়ানের তথ্য সামঞ্জস্যপূর্ণ কিনা যাচাই করার নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু, পরিদর্শনকালে ক্ষুদ্রঋণের জুন ২০২৬ ভিত্তিক বকেয়া তথ্য পর্যালোচনায় দেখা যায় দপ্তরের ঋণ খতিয়ান মোতাবেক মাঠে বকেয়া ৮১,৬৫,৮০৫ টাকা, সদর দপ্তরে প্রেরিত দলের ডিটেইল লিস্ট মোতাবেক বকেয়া ৯৩,৯৯,৪১৫ টাকা ও সাপ্তাহিক আদায়শীট মোতাবেক বকেয়া ৯৩,৮৫,৮৭৫ টাকা। প্রকৃতপক্ষে, সকল ক্ষেত্রে তথ্য একই হওয়ার কথা থাকলেও এক্ষেত্রে তথ্য সামঞ্জস্যপূর্ণ নয়। এতে প্রতীয়মান হয় ইতোপূর্বে সদর দপ্তরে প্রেরিত ডিটেইল লিস্ট যাচাই-বাছাই ছাড়াই মাঠকর্মীদের উপর নির্ভর করে প্রেরণ করা হয়েছে। ফলে, মাঠে আত্মসাৎ ও হস্তমজুদের কোন চিত্র প্রতিফলিত হয়নি। আপনার এহেন আচরণ, উর্ধ্বতন কর্তৃপক্ষের বৈধ আদেশ অমান্য, তহবিল তসরুপের সুযোগ সৃষ্টি, দায়িত্ব পালনে অবহেলার শামিল এবং শস্তিযোগ্য অপরাধ।

৬। নিম্নস্বাক্ষরকারী যোগদানের পর বিআরডিবি সদর দপ্তরের নির্দেশনা মোতাবকে জেলার মাসিক সমন্বয় সভায় নিয়মিতভাবে প্রমাপ মোতাবেক সমিতি/দল পরিদর্শনের নির্দেশনা প্রদান করা হয়। আপনি যোগদানের প্রর ইতোমধ্যে প্রায় ৫ মাস অতিবাহিত হয়েছে। উপজেলায় বর্তমানে ঋণী দলের সংখ্যা মাত্র ২৮টি। প্রতিমাসে আপনার নির্ধারিত সংখ্যক দল ভ্রমণ নিশ্চিত করলে উক্ত দলসমূহে কমপক্ষে একবার পরিদর্শন/ভিজিট করার কথা। কিন্তু, তার গতিবিধি রেজিস্টার পর্যালোচনায় সকল দল ভ্রমণের তথ্য পাওয়া যায়নি। এ ছাড়া, গতিবিধি রেজিস্টার মোতাবেক আপনি ভ্রমণকৃত দলে ভ্রমণ সংক্রান্ত কোন প্রমাণক যথাঃ চেক লিস্ট, পরিদর্শন মন্তব্য, খসড়া বা চুড়ান্ত ভ্রমণ বিবরণী, কোন নোট বা টোকা কিছুই পরিদর্শনকালে উপস্থাপন করতে সক্ষম হননি। এছাড়া, সেপ্টেম্বর ২০২৬ ও অক্টোবর ২০২৬ মাসে একই দল পরিদর্শন অগ্রীম ভ্রমণসূচিভূক্ত করায় তা অনুমোদন না করা সত্ত্বেও আপনি সংশোধিত ভ্রমণসূচি দাখিল করেননি। এতে প্রতীয়মান হয় আপনি নিয়মিত দল পরিদর্শন করেননা। যা উর্ধ্বতন কর্তৃপক্ষের বৈধ আদেশ অমান্য ও দায়িত্ব পালনে অবহেলার শামিল এবং শস্তিযোগ্য অপরাধ।

৭। নিম্নস্বাক্ষরকারী কর্তৃক বিগত ০৯/০৯/২০২৬ তারিখে ফুলতলা উপজেলাধীন পল্লী জীবিকায়ন দলের আলকা মহিলা পল্লী উন্নয়ন দল সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সাপ্তাহিক আদায়শীট না পওয়ায় এবং ঋণের তথ্যে অসঙ্গতি পাওয়ায় আপনাকে উক্তদলের সাপ্তাহিক সদস্য পাশবহি, আদায়শীট ও দপ্তরের ঋণ খতিয়ান মিল করে প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করা হলেও আপনি তা করেননি। আপনার এহেন আচরণ, উর্ধ্বতন কর্তৃপক্ষের বৈধ আদেশ অমান্য, তহবিল তসরুপের সুযোগ সৃষ্টি, দায়িত্ব পালনে অবহেলার শামিল এবং শস্তিযোগ্য অপরাধ।

৮। পরিদর্শনকালে দেখা যায়, প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট নীতিমালা আপনার দপ্তরে সংরক্ষিত নেই এবং উক্ত নীতিমালাসহ দপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য, প্রশাসনিক, আর্থিক ও অন্যান্য বিধি-বিধান সম্পর্কে আপনার ধারণা কম। কাজ ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আপনি অন্যের উপর নির্ভরশীল। আপনার এহেন কার্যক্রম অদক্ষতা, দায়িত্ব পালনে অবেহলা, উর্ধ্বতন কর্তৃপক্ষের বৈধ আদেশ পালনে অবহেলা তথা অসদাচরণের শামিল। যা শাস্তিযোগ্য অপরাধ।

৯। আপনি ২৬/১০/২০২৬ তারিখে পল্লী জীবিকায়ন প্রকল্পের সুফলভোগীদের ঋণ অনুমোদনের জন্য নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে সভা আহবান করে নোটিশ ইস্যু করলেও সভায় দেখা যায় ঋণের আবেদনপত্রসমূহ অসম্পূর্ণ এবং কোন প্রকার যাচাই-বাছাই ছাড়া উপস্থাপন করা হয়েছে। ফলে, ঋণ অনুমোদন না হওয়ায় সদস্যগণ নির্ধারিত সময়ে ঋণ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। যা আপনার দায়িত্ব পালনে অবহেলার শামিল এবং শাস্তিযোগ্য অপরাধ।

এ অবস্থায়, উপরে বর্ণিত অভিযোগসমূহের কারণে কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা হবেনা তার লিখিত জবাব পত্র প্রাপ্তির ৩ (তিন) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য বলা হলো। ব্যর্থতায়, পরবর্তী কোন ব্যাখ্যা তলব ছাড়াই একতরফাভাবে আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা হবে।

২৮.১০.২০২৬

মোঃ কামরুজ্জামান
উপপরিচালক
টেলিফোন: ০২৪৭৭৭০০১৬৯
ই-মেইল: ddkhulna@brdb.gov.bd

মিজ্ শায়লা সুলতানা
উপজেলা প্রকল্প কর্মকর্তা (অঃ দাঃ)
পল্লী জীবিকায়ন কর্মসূচি
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ফুলতলা উপজেলা, খুলনা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। পরিচালক (সরেজমিন), বিআরডিবি, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, পল্লী জীবিকায়ন প্রকল্প (৩য় পর্যায়), বিআরডিবি, ঢাকা।
৩। যুগ্মপরিচালক, বিআরডিবি, খুলনা বিভাগ।